

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
(গোপনীয় শাখা)

মাহমুদুল কবীর মুরাদ, জেলা প্রশাসক, হবিগঞ্জ কর্তৃক বানিয়াচং উপজেলাধীন ০৪ নং বানিয়াচং দক্ষিণ পশ্চিম ইউ/পি অফিস
পরিদর্শন প্রতিবেদন।

গত ১১/০৬/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় বানিয়াচং উপজেলাধীন ০৪নং দক্ষিণ-পশ্চিম ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মোঃ মামুন খন্দকার, উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, জনাব মোঃ রেখাছ মিয়া, চেয়ারম্যান দক্ষিণ পশ্চিম ইউনিয়ন পরিষদ, পরিষদের সদস্যবৃন্দ এবং পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শন বিবরণী নিম্নরূপঃ

০১। (ক) অফিসের অবস্থানঃ বানিয়াচং উপজেলা সদর থেকে প্রায় ২ কি.মি দক্ষিণ পশ্চিমে সাগর দিঘীর দক্ষিণপাড় নামক স্থানে নিজস্ব ২৫ শতক ভূমির উপর ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন অবস্থিত।

(খ) সাধারণ তথ্যাদিঃ

(১) জনসংখ্যা	-	২৯০৩১ জন
(২) আয়তন	-	১০ ব.কি.মি.
(৩) গ্রাম	-	২১ টি
(৪) সরকারি প্রাথমিক বিদ্যালয়	-	০৯টি
(৫) উচ্চ বিদ্যালয়	-	০৩টি
(৬) কলেজ	-	০১ টি
(৭) মাদ্রাসা/হাফিজখানা	-	০৬টি
(৮) মসজিদ	-	২৬ টি
(৯) মন্দির	-	০৬টি
(১০) হাটবাজার	-	০১ টি
(১১) শিক্ষার হার	-	৪৫%
(১২) স্যানিটেশনের হার	-	৮৫%
(১৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	-	০১টি
(১৪) কামিউনিটি ক্লিনিক	-	০১টি

মন্তব্যঃ আরও অধিক পরিমাণ তথ্য সংগ্রহক্রমে একনজরে ইউনিয়নের সাধারণ তথ্যাবলী একটি বোর্ডে লিপিবদ্ধ করে তার অফিস কক্ষে টাঙ্গিয়ে রাখার জন্য ইউপি চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলো।

০২। প্রশাসনঃ এ পরিষদের নির্বাচিত ০১ জন চেয়ারম্যান ০৩ জন সদস্য (সংরক্ষিত আসন), ০৯ জন (পুরুষ) সদস্য গত ১৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখে শপথ অনুষ্ঠানের মাধ্যমে দায়িত্ব পালন করে আসছেন।

মন্তব্যঃ নির্বাচিত পরিষদকে সরকারি স্বার্থের প্রতি দৃষ্টি রেখে অর্পিত দায়িত্ব পালনের জন্য পরামর্শ দেয়া হলো।

০৩। জনবলঃ এ অফিসের জনবল পরিস্থিতি নিম্নরূপঃ

ক্রমিক নং	মঞ্জুরীকৃত পদের নাম	মঞ্জুরীকৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
০১.	সচিব	০১	০১	-
০২.	দফাদার	০১	০১	-
০৩.	মহল্লাদার	০৯	০৯	-
	মোট	১১	১১	-

এ ইউনিয়ন পরিষদ কার্যালয়ের কোন পদ শূন্য নেই মর্মে জানা গেল।

০৪। হাজিরা খাতাঃ নির্ধারিত ফরমে হাজিরা খাতা সংরক্ষণ করা হচ্ছে। হাজিরা খাতা পরীক্ষান্তে দেখা যায়, অফিসে নিয়োজিত কর্মচারীগণ হাজিরা খাতায় স্বাক্ষর করছেন এবং পরিদর্শনকালে তাদেরকে অফিসে যথারীতি উপস্থিত পাওয়া গেল।

মন্তব্যঃ হাজিরা খাতা সংরক্ষণ সন্তোষজনক।

০৫। সার্কুলার গার্ড ফাইলঃ এ ইউনিয়ন পরিষদ অফিসে ১টি সার্কুলার গার্ড ফাইল সংরক্ষণ করা হচ্ছে। এটিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত পরিপত্রসমূহ পেস্ট করে রাখা হচ্ছে দেখা গেল।

মন্তব্যঃ সার্কুলার গার্ড ফাইল সংরক্ষণ সন্তোষজনক।

(চলমান পাতা-২)

